# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## তথ্য অধিদফতর
## বাংলাদেশ সচিবালয়
## ঢাকা

### সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ০৯/২০১৮-১৯

ঢাকা, বুধবার, ১১ জুলাই ২০১৮, ২৭ আষাঢ় ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। আজ হজ কার্যক্রম উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

২। একনেক বৈঠকে খানজাহান আলী বিমানবন্দর নির্মাণসহ ৬ প্রকল্প অনুমোদন

৩। জাতীয় সংসদে চট্টগ্রাম ও খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ বিল পাশ

৪। সিঙ্গাপুরের উদ্যোক্তাদের ৫০০ একর জমি দেওয়ার আশ্বাস প্রধানমন্ত্রীর

৫। তৃণমূলে স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে চিকিৎসকদের প্রতি স্পিকারের আহ্বান

৬। পরিবহণখাতে শৃঙ্খলা আনতে ব্যবস্থা নেওয়া হয়েছে : সংসদে সেতুমন্ত্রী

৭। মামলা জট নিরসনে জাস্টিস অডিট সিস্টেম চালু হচ্ছে : আইনমন্ত্রী

৮। বন্যাকবলিত এলাকায় নগদ অর্থ ও ত্রাণসামগ্রী পাঠানো হয়েছে : ত্রাণমন্ত্রী

৯। দেশের উন্নয়নে গণমাধ্যম তথ্যসেতুর কাজ করছে : তথ্যমন্ত্রী

১০। বিশ্ব জনসংখ্যা দিবস আজ

চলমান পাতা-২

১। **আজ হজ কার্যক্রম উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

রাজধানীর আশকোনার হজ ক্যাম্পে আসতে শুরু করেছেন হজযাত্রীরা। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (১১ জুলাই বুধবার) সকালে হজ কার্যক্রমের উদ্বোধন করবেন বলে আশা করা হচ্ছে। এরপর তিনি ক্যাম্পে অবস্থানরত হজযাত্রীদের সঙ্গে মতবিনিময় করবেন। **সূত্র-সমকাল (পৃ.২,ক.৫), ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** ( শেষ পৃ.,ক.১)।

২। **একনেক বৈঠকে খানজাহান আলী বিমানবন্দর নির্মাণসহ ৬ প্রকল্প অনুমোদন**

সরকারি-বেসরকারি (পিপিপি) অংশীদারিত্বের ভিত্তিতে বাগেরহাটে খানজাহান আলী বিমানবন্দর নির্মাণসহ ৬টি প্রকল্পের অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এসব প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় হবে ২ হাজার ৯২০ কোটি ৩৯ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ব্যয় হবে ২ হাজার ৭০ কোটি ১৪ লাখ টাকা, বাস্তবায়নকারী সংস্থার নিজস্ব তহবিল থেকে ২২৪ কোটি ৫৫ লাখ টাকা এবং প্রকল্প সাহায্য হিসেবে বৈদেশিক সহায়তা পাওয়া যাবে ৬২৫ কোটি ৭০ লাখ টাকা। গতকাল (১০ জুলাই মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলানগরে এনইসি সম্মেলনকক্ষে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় এসব প্রকল্পের অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৪)।

৩। **জাতীয় সংসদে চট্টগ্রাম ও খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ বিল পাশ**

জাতীয় সংসদে ‘চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ) বিল, ২০১৮’ এবং ‘খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ) বিল, ২০১৮’ পাশ হয়েছে। গতকাল (১০ জুলাই মঙ্গলবার) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন সংসদে পৃথকভাবে বিল দু'টি পাশের প্রস্তাব করলে তা কণ্ঠভোটে পাশ হয়। সূত্র **: ইত্তেফাক (পৃ.১৫,ক.৫), আমাদের অর্থনীতি** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

৪। **সিঙ্গাপুরের উদ্যোক্তাদের ৫০০ একর জমি দেওয়ার আশ্বাস প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সিঙ্গাপুরের বিনিয়োগকারীদের শিল্প স্থাপনের জন্য দেশের বিশেষ অর্থনৈতিক অঞ্চলে ৫শ’ একর জমি বরাদ্দ দেওয়ার আশ্বাস দিয়েছেন। গতকাল (১০ জুলাই মঙ্গলবার) প্রধানমন্ত্রীর জাতীয় সংসদ ভবন কার্যালয়ে সিঙ্গাপুরের ব্যবসায়ী ফোরামের (এসবিএফ) নেতারা সৌজন্য সাক্ষাতে এলে তিনি এ প্রস্তাব দেন। বাংলাদেশ সফরের জন্য ব্যবসায়ী প্রতিনিধিদলের সদস্যদের স্বাগত জানিয়ে প্রধানমন্ত্রী কৃষিভিত্তিক এবং খাদ্য প্রক্রিয়াজাতকরণ সম্পর্কিত শিল্পকারখানা স্থাপনের বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি বলেন, বাংলাদেশ গুরুত্বপূর্ণ ভৌগোলিক অবস্থানের কারণে পূর্ব এবং পশ্চিম এশিয়ার দেশগুলোর মধ্যে সেতুবন্ধ হিসেবে কাজ করতে পারে। বৈঠকে এসবিএফের সভাপতি এস এস তো ছয় সদস্যবিশিষ্ট প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। সিঙ্গাপুরের ব্যবসায়ী প্রতিনিধিদলটি এ বিষয়ে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বিইজেডএ) এবং বাংলাদেশ রফতানি প্রক্রিয়াজাতকরণ কর্তৃপক্ষের সম্ভাব্য সকল ধরনের সহযোগিতা প্রদানে সন্তোষ প্রকাশ করেন। সূত্র-**সমকাল (পৃ.২ ,ক.৮), প্রথম আলো** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১)।

৫। **তৃণমূলে স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে চিকিৎসকদের প্রতি স্পিকারের আহ্বান**

স্পিকার ড. শিরীন শারমীন চৌধুরী বলেছেন, স্বাস্থ্যখাতে উন্নয়নের সুফল তৃণমূলে পৌঁছাতে হবে। জনগণের দোরগোড়ায় এ সেবা পৌঁছে দিতে চিকিৎসকদের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। তৃণমূল জনগোষ্ঠীর জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে তিনি চিকিৎসকদের প্রতি আহ্বান জানান। গতকাল (১০ জুলাই মঙ্গলবার) ঢাকা মেডিকেল কলেজ অডিটরিয়ামে ডিএমসি অ্যালামনাই ট্রাস্ট আয়োজিত ৭৩তম ডিএমসি দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.৮)।

**৬।	পরিবহণখাতে শৃঙ্খলা আনতে ব্যবস্থা নেওয়া হয়েছে : সংসদে সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, পরিবহণখাতে শৃঙ্খলা ফিরিয়ে আনার লক্ষ্যে আনফিট মোটরযান যাতে রাস্তায় চলাচল করতে না পারে সে লক্ষ্যে গাড়ির ফিটনেস সার্টিফিকেট ম্যানুয়েল পদ্ধতির পরিবর্তে স্বয়ংক্রিয়ভাবে দেওয়া হচ্ছে। মন্ত্রী আরো বলেন, এ লক্ষ্যে চারটি বিভাগীয় শহরেও ৫টি মোটরযান পরিদর্শনকেন্দ্র (ভিআইসি) স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এর মধ্যে ঢাকায় ২টি, চট্টগ্রামে ১টি, রাজশাহীতে ১টি ও খুলনায় ১টি ভিআইসি স্থাপন করা হচ্ছে। গতকাল (১০ জুলাই মঙ্গলবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

**৭।	মামলা জট নিরসনে জাস্টিস অডিট সিস্টেম চালু হচ্ছে : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, মামলা জট নিরসনে সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। শীঘ্রই জাস্টিস অডিট সিস্টেম চালু হচ্ছে। এ সিস্টেমে আমরা ঘরে বসেই মামলার ধরন ও মামলার অবস্থা সম্পর্কে জানতে পারবো। গতকাল (১০ জুলাই মঙ্গলবার) আইন মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতীয় পর্যায়ের শিশু সংগঠন ন্যাশনাল চিলড্রেনস'স টাস্কফোর্সের এডভোকেসি ফোরাম চাইল্ড পার্লামেন্টের বার সদস্যের একটি প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকে আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক (পৃ.২,ক.৮), জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৬)।

**৮।	বন্যাকবলিত এলাকায় নগদ অর্থ ও ত্রাণসামগ্রী পাঠানো হয়েছে : ত্রাণমন্ত্রী**

অতিবৃষ্টি ও পাহাড়ি ঢলে দেশের নয়টি জেলা বন্যাকবলিত হয়েছে বলে জানিয়েছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া। এর মধ্যে মৌলভীবাজার ও নীলফামারী জেলা বন্যায় বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। গত ১ জুলাই থেকে এ পর্যন্ত সাড়ে ৫ হাজার টন চাল দেওয়া হয়েছে। বন্যায় যাদের ঘরবাড়ি নষ্ট হয়ে গেছে তা মেরামত ও তৈরি করার জন্য জেলা প্রশাসকদের কাছে ৫০ হাজার বান্ডিল টিন ও ১৫ কোটি টাকা পাঠানো হয়েছে, যাতে বন্যার পানি নামার সঙ্গে সঙ্গে যেখানে ঘরবাড়ি ভেঙে গেছে সেগুলো মেরামত করা যায় বলে জানান তিনি। গতকাল (১০ জুলাই মঙ্গলবার) সচিবালয়ে দুর্যোগবিষয়ক স্থায়ী আদেশাবলির হালনাগাদকৃত খসড়া এবং বন্যা পরিস্থিতির পর্যালোচনা সভাশেষে মন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**সংবাদ (শেষ পৃ.,ক.৩), অবজারভার** (পৃ.৪,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

**৯।	দেশের উন্নয়নে গণমাধ্যম তথ্যসেতুর কাজ করছে : তথ্যমন্ত্রী**

দেশের উন্নয়নে গণমাধ্যম তথ্যসেতুর কাজ করছে বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। সাংবাদিকদের উদ্দেশ্যে তিনি বলেন, এই যে ধাপে ধাপে বাংলাদেশ সমৃদ্ধি, সংবিধান, গণতন্ত্র এবং সুশাসনের পথে এগিয়ে যাচ্ছে, এক্ষেত্রে গণমাধ্যম তথ্যসেতুর কাজ করছে। তাই দেশের সার্বিক উন্নয়নে গণমাধ্যমের ভূমিকা গুরুত্বপূর্ণ। গতকাল (১০ জুলাই মঙ্গলবার) রাজধানীর তেজগাঁওয়ে এনএসডিসি'র সম্মেলনকক্ষে বাংলাদেশ সংবাদ সংস্থা ও জাতীয় দক্ষতা উন্নয়ন পরিষদের উদ্যোগে অনুষ্ঠিত এক কর্মশালায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব (পৃ.৪,ক.৪), সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.২)।

**১০।	বিশ্ব জনসংখ্যা দিবস আজ**

বিশ্ব জনসংখ্যা দিবস আজ (১১ জুলাই বুধবার)। বিশ্বায়নে জনসংখ্যা-চ্যালেঞ্জ ও পরিকল্পিত পরিবারের সুবিধাসমূহের ব্যাপারে জনগণের সচেতনতা বৃদ্ধি করাই এ দিবসটি পালনের লক্ষ্য। ১৯৮৭ সালের ১১ জুলাই পৃথিবীর জনসংখ্যা ৫০০ কোটিতে উন্নীত হওয়ার পর থেকে প্রতিবছর এদিন দিবসটি পালিত হয়ে আসছে। বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশেও দিবসটি পালিত হবে। দিবসটির এবারের প্রতিপাদ্য হচ্ছে, 'পরিকল্পিত পরিবার, সুরক্ষিত মানবাধিকার'। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ (পৃ.৪ ,ক.৫), জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

**সম্পাদকীয়**

ক. **জনকণ্ঠ :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৬ প্রদান অনুষ্ঠানে চলচ্চিত্র নির্মাতাদের সময়োপযোগী চলচ্চিত্র নির্মাণের যে আন্তরিক আহ্বান জানান তা এ শিল্পে জড়িতদের জন্য উদ্দীপনামূলক উল্লেখ করে দেশে বিশ্বমানের সিনেমা নির্মিত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **ইনকিলাব :** পলিথিনের সুলভ ও সহজলভ্য বিকল্প হিসেবে জুট পলিমারের অভ্যন্তরীণ ব্যবহার ও আন্তর্জাতিক বাজার নিশ্চিত করতে জুট পলিমার উৎপাদনে সরকারি উদ্যোগের পাশাপাশি বেসরকারি উদ্যোগ ও বিনিয়োগ উৎসাহিত করার ওপর গুরুত্বারোপ।

গ. **ইত্তেফাক :** সড়ক দুর্ঘটনার প্রকৃত তথ্যের আলোকে প্রতিকার ও প্রতিরোধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পূর্ণাঙ্গ ডাটাবেস তৈরির ওপর গুরুত্বারোপ।

ঘ. **ভোরের কাগজ :** বাংলাদেশ শিশু অধিকার ফোরামের সর্বশেষ তথ্য অনুযায়ী গত বছর প্রথম পাঁচ মাসের তুলনায় চলতি বছরের প্রথম পাঁচ মাসে শিক্ষাপ্রতিষ্ঠানে শারীরিক নির্যাতনের ঘটনা বেড়েছে ৬৩ দশমিক ২৪ শতাংশ উল্লেখ করে শিক্ষাপ্রতিষ্ঠানে শারীরিক শাস্তির বিরুদ্ধে সরকারের জারি করা পরিপত্রের বাস্তবায়ন যথাযথভাবে পর্যবেক্ষণ করার সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** সরকার, মিডিয়া ও এনজিওকে দেশের টিনএজ কন্যা শিশুদের যথাযথ শিক্ষা, প্রয়োজনীয় দক্ষতা, তথ্য, জ্ঞান, স্বাস্থ্যসেবা ও দেরিতে বিবাহ নিশ্চিত করতে পরিবার ও সম্প্রদায়ের সাথে সমন্বিতভাবে কাজ করার আহ্বান।

চ. **ডেইলি সান :** পাটখাতের উন্নয়নে পাটচাষি, ব্যবসায়ী, উদ্যোক্তা ও রপ্তানিকারকদের ২ শতাংশ সুদ হারে ঋণ দেওয়ার লক্ষ্যে ১০ হাজার কোটি টাকার জুট সেক্টর ডেভেলপমেন্ট ফান্ড গঠনের সরকারি উদ্যোগকে স্বাগত জানিয়ে তার যথাযথ বাস্তবায়নের প্রত্যাশা।

ছ. **ডেইলি স্টার :** রংপুরে পরীক্ষা চলাকালীন সময়ে শেণিকক্ষের ছাদে ক্রটিপূর্ণ অংশ ধসে ৭ মেয়ে শিক্ষার্থী আহত হওয়ার বিষয় তুলে ধরে কর্তৃপক্ষকে ঘটনা তদন্ত করে এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

জ. **নিউজ টুডে :** আসন্ন কোরবানির ঈদে ড্রাগমুক্ত কোরবানির পশু সরবরাহ নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এখনই সতর্ক পদক্ষেপ গ্রহণের আহ্বান।

ঝ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** পরিবার পরিকল্পনা কার্যক্রমের ফিল্ড ওয়ার্কারের সংখ্যা কম থাকায় এ সমস্যা সমাধানে সরকারকে জরুরি ভিত্তিতে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মেধা ও যোগ্যতার ভিত্তিতে সরকারি চাকরিতে নিয়োগ নিশ্চিত করার মধ্য দিয়ে সুশাসন ও বৈষম্যমুক্ত সমাজ গঠন সম্ভব।

**নিবন্ধন**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'পরিবার পরিকল্পনা একটি মানবাধিকার'** শিরোনামে নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, জনসংখ্যা সীমিত রাখতে, পরিবার পরিকল্পনা সেবা গ্রহণ এখন এদেশের সবার জন্য অনিবার্য পালনীয় মানবাধিকার।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা